দামুড়হুদায় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ৫ম খেলায় দর্শনা রামাজুস জয়ী

দামুড়হুদায় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে দর্শনা মাথাভাঙ্গা যুবসংঘ রামাজুস বনাম যশোর চৌগাছা একাডেমির মধ্যেকার ৫ম খেলায় দর্শনা মাথাভাঙ্গা যুবসংঘ রামাজুস ২-০ গালে জয়লাভ করেছে।

গতকাল শনিবার বিকাল ৪টায় দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে দামুড়হুদা গোল্ডকাপ টুর্নামেন্টের ৫ম খেলা অনুষ্ঠিত হয়।

খেলার প্রথমার্ধের ১২মিনিটের মাথায় রামাজুসের ৯নং জার্সি পরিহিত খেলোয়ার হোসেন আলির করা গোলে ১-০তে এগিয়ে যায় রামাজুস।এরপর চৌগাছা গোল পরিশোধ করে খেলায় ফিরতে মরিয় হয়ে চেষ্টা করে। কিন্তু প্রথমার্ধের ২৪ মিনিটের মাথায় রামাজুসের একই খেলোয়ার হোসেন আলি আরো চৌগাছার গোল রক্ষককে পরাজিত গোলের জালে আরো একটি বল জড়িয়ে গোলের ব্যবধান বাড়ায়-২-০। প্রথমার্ধের খেলা ২-০তে শেষ হয়। দ্বিতীয়ার্ধের খেলায় রামাজুসের ৯নং খেলোয়ার হোসেন আলি তার হেট্রিক পূর্ণ করার চেষ্টা করে ব্যাথ্য হয় এসময় কোন গোল না হওয়ায় রামাজুস-২-০গোলে জয়লাভ করে।

দামুড়হুদা উপজেলা শ্রমিক লীগের সভাপতি হাজি আব্দুল কাদির,সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারন সম্পাক সাবেক জেলা পরিশদের সদস্য শফিউল কবির ইউসুফ,দামুড়হুদা গাল্স স্কুল এন্ড কলেজের সাবেক সভাপতি ইসমাইল হোসেন,আব্দুল মমিন মাষ্টারসহ মাঠ ভর্তি দর্শক খেলা উপভোগ করেন। খেলার সার্বিক তত্বাবধানে ছিলেন,উপজেলা ক্রীড়া সংস্থার সাধারন সম্পাদক এম নুরুন্নবী, শরিফ উদ্দীন,ক্রীড়া সংস্থার নির্বহী সদস্য নওশাদ আলি,জাকির হোসেন,সহিদ আজম সদু,সন্টু প্রমুখ।

খেলা পরিচালনা করেন,আব্দুস সবুর, রবিউল ইসলাম,ও সৈয়দ মাসুদুর রহমান। ধারাভাষ্যে ছিলেন মোস্তাফিজুর রহমান। আজ রোববার মেহেরপুর একাদশ বনাম মহেশপুর ফুটবল একাদশের মধ্যে খেলা অনুষ্ঠিত হবে।